দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 2018
পৃষ্ঠা ২ কলাম ২

# ভর্তি কার্যক্রম বন্ধ হতে পারে ১২ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি ৩২টি বিশ্ববিদ্যালয়কে শোকজ করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এদের মধ্যে ১২টি বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাস নির্মাণে কোনো ধরনের উদ্যোগ না নেওয়ায় সেগুলোতে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধ করে দেওয়ার চিন্তাভাবনা চলছে।

সূত্র জানিয়েছে, ৫১টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৯টি স্থায়ী ক্যাম্পাসে কার্যক্রম শুরু করেছে। বাকি ৩২টির মধ্যে ১২টি ন্যূনতম কোনো উদ্যোগ নেয়নি। ওইসব প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ করে দেওয়া হতে পারে। তবে এর আগে তাদের কাছে জবাব চাইবে মন্ত্রণালয়।

গত বছর জানুয়ারিতে আলটিমেটাম দেওয়া ৩৯টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে মাত্র ৭টি স্থায়ী ক্যাম্পাসে গেছে। বাকিগুলোর কোনোটি জমি কিনেছে আবার কোনোটি আংশিক কার্যক্রম শুরু করেছে স্থায়ী ক্যাম্পাসে। আবার এমন বিশ্ববিদ্যালয় আছে যেগুলো স্থায়ী ক্যাম্পাসে যাওয়ার কথা বললেও ভাড়া বাড়িতেই কার্যক্রম চালিয়ে যাচ্ছে।